দৈনিক
আমাদের সময়

তারিখ 17 JAN 2017
পৃষ্ঠা ৭ কলাম ৪

ডাস্টবিনে পতাকার রঙ

# ক্ষুব্ধ জাবির শিক্ষক-শিক্ষার্থী

সুদীপ্ত শাহাদাত, জাবি ●

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে (জাবি) বিভিন্ন জায়গায় জাতীয় পতাকার রং দিয়ে ডাস্টবিন স্থাপন করেছে। এস্টেট অফিসের এক কর্মকর্তার এমন দায়িত্বজ্ঞানহীন কর্মকাণ্ডে তীব্র ক্ষোভ প্রকাশ করেছে সাধারণ শিক্ষক-শিক্ষার্থীরা। অভিযুক্ত এস্টেট অফিসের ভারপ্রাপ্ত কর্মকর্তা নুরুল আমিনের নির্দেশে এমন রং করা হয়েছে বলে অভিযোগ উঠেছে।

জানা যায়, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় দিবস উপলক্ষে ময়লা-আবর্জনা ফেলার জন্য বেশ কিছু ডাস্টবিন স্থাপন করা হয়। সিমেন্টের তৈরি ও বাঁশের বেড়া দিয়ে এসব ডাস্টবিন স্থাপন করা হয়েছে। তবে ডাস্টবিনগুলোয় রং করা হয়েছে জাতীয় পতাকার রং লাল-সবুজ দিয়ে। বিশ্ববিদ্যালয়ের এস্টেট অফিসের ভারপ্রাপ্ত কর্মকর্তা নুরুল আমিনের এমন কর্মকাণ্ডে বিস্মিত শিক্ষক-শিক্ষার্থীরা। একজন মুক্তিযোদ্ধা কীভাবে এমন কাজ করতে পারে সেই প্রশ্ন তুলে তদন্তের দাবি জানিয়েছেন শিক্ষকরা। এ নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকেও অন্য কর্মকর্তারা তীব্র ক্ষোভ প্রকাশ করেছে। বিষয়টি বিশ্ববিদ্যালয়ের অ্যালামনাই ডে মিলনমেলায় উপাচার্য অধ্যাপক ড. ফারজানা ইসলামকেও দেখানো হয়েছে।

এ বিষয়ে শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক সহযোগী অধ্যাপক ফরিদ আহমেদ সাংবাদিকদের বলেন, আমরা এই বিষয়টি দেখে সত্যিই মর্মাহত হয়েছি। কোনোভাবেই এটা মেনে নিতে পারছি না। বিষয়টি উপাচার্যকে জানানো হয়েছে।

এ বিষয়ে শারীরিক শিক্ষা বিভাগের সহকারী পরিচালক এসএম সাদাত হোসেন যোগাযোগমাধ্যম ফেসবুকে ক্ষোভ প্রকাশ করে বলেন, 'দেশাত্মবোধ! মুক্তমঞ্চ ও ক্যাফে ঘিরে নতুন ডাস্টবিন তৈরি করা হয়েছে। খুব ভালো উদ্যোগ। কিন্তু রং করা হয়েছে জাতীয় পতাকার রঙে। বিষয়টি দুঃখজনক।'

বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী দেওয়ান মুনতাসির রহমান স্বপ্নিল ফেসবুকে লিখেছেন, 'জাতীয় পতাকার সঙ্গে মিল রেখে একটা বিশ্ববিদ্যালয়ের ডাস্টবিনের রং করা হয়। প্রশাসনকে বললে হয়তো বলবেন এ কাজ আমরা করি নাই, এটা শিবিরের কাজ। নিজেদের কর্ম ঢাকতে অতীতেও তারা এই শব্দটা ব্যবহার করেছিলেন, আবারও করলে অবাক হবো না। ধিক্কার।'

এ বিষয়ে জানতে অভিযুক্ত এস্টেট অফিসের ভারপ্রাপ্ত কর্মকর্তা নুরুল আমিনকে ফোন করা হলে ব্যস্ততার কথা বলে তিনি মন্তব্য করতে রাজি হননি।